দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 JAN 2031
পৃষ্ঠা ২৪ কলাম ৩

# শিক্ষক সমিতির সভায় মাধ্যমিক শিক্ষা পরিস্থিতি নিয়ে আলোচনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের এক সভা গত শুক্রবার অধ্যক্ষ কামরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় মাধ্যমিক শিক্ষার বিদ্যমান পরিস্থিতি এবং বর্তমানে দেশের বেসরকারী শিক্ষক-কর্মচারীদের আর্থিক ও অন্যান্য সংকটের বিষয় নিয়ে আলোচনা হয়। সভায় সিদ্দিকুর রহমান, কামাল হাসান চৌধুরী, আব্দুল হালিম, চৌধুরী খুরশীদ আলম প্রমুখ বক্তব্য রাখেন। সভায় একটি অভিন্ন গণতান্ত্রিক, অসাম্প্রদায়িক ও বিজ্ঞানমনস্ক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নবগঠিত শিক্ষানীতি প্রণয়ন কমিটিতে শিক্ষক সমিতির প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য সরকারের প্রতি দাবি জানানো হয়।